# বার্ষিক প্রতিবেদন

# ২০২২-২০২৩

## উপজেলা পরিসংখ্যান কার্যালয়,
## পাবনা সদর, পাবনা

### বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

# উপদেষ্টা

জনাব মো: মাসুম মিয়া
উপপরিচালক
জেলা পরিসংখ্যান কার্যালয়
পাবনা

# সম্পাদনা পরিষদ

| ক্রমিক নং | নাম ও পদবি | কর্মস্থল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ হামিদুল হক<br>ইউএসও (ভারপ্রাপ্ত) | উপজেলা পরিসংখ্যান কার্যালয়,<br>পাবনা সদর, পাবনা | আহবায়ক |
| ০২ | জনাব মো: চাঁদ মিয়া<br>চেইনম্যান | উপজেলা পরিসংখ্যান কার্যালয়,<br>পাবনা সদর, পাবনা | সদস্য |
| ০৩ | জনাব মোঃ আসাদুজ্জামান<br>জুনিয়র পরিসংখ্যান সহকারী | উপজেলা পরিসংখ্যান কার্যালয়,<br>পাবনা সদর, পাবনা | সদস্য সচিব |

# মুখবন্ধ

সরকারের বিভিন্নদপ্তর /সংস্থা কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে তাদের কার্যাবলি সম্পর্কে সামগ্রিক ধারণা লাভ করা সম্ভব হয়। বার্ষিক প্রতিবেদন সরকারি কার্যক্রমের স্বচ্ছতা এবং জবাবদিহিতার প্রতিফলক। এ প্রেক্ষাপটে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনা সদর , পাবনা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ অনুযায়ী তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত সংক্রান্ত কর্মসম্পাদন সূচক (২.১.১ নং সূচক) অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরের সার্বিক কর্মকাণ্ড প্রতিবেদনের মাধ্যমে তুলে ধরার উদ্যোগ নিয়েছে। এ কার্যালয়ের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতিফলন এ বার্ষিক প্রতিবেদন প্রকাশের অন্যতম লক্ষ্য।

দেশের সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য এবং সর্বোপরি“রূপকল্প-২০২১” এবংটেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে দেশের অবস্থান যাচাইয়ের নিয়ামক হিসেবে সঠিক পরিসংখ্যানের বিকল্প নেই। এ কাজে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ক্রমবর্ধমান সম্প্রসারিত সরকারি পরিসংখ্যান প্রস্তুতের ক্ষেত্রে গত এক বছরে উপজেলা পরিসংখ্যান কাযালয়, পাবনা সদর, পাবনা এর অর্জিত অসংখ্য গুরুত্বপূর্ণ কার্যক্রমকে এ প্রতিবেদনে তুলে ধরা হয়েছে।

বর্তমানে পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রত্যক্ষ দিক-নির্দেশনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সম্পাদিত কার্যাবলী আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত হচ্ছে এবং বাংলাদেশের পরিসংখ্যান পদ্ধতি এক নতুন মাত্রা লাভ করেছে। এজন্য মাননীয় পরিকল্পনামন্ত্রী, মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল কর্মকর্তা ও কর্মচারী এবং শুভানুধ্যায়ীদের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। এছাড়া এ প্রতিবেদন তৈরির সাথে জড়িত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে অত্যন্ত নিষ্ঠা ও নিরলস পরিশ্রমের মাধ্যমে কাজটি সম্পন্ন করার জন্যও ধন্যবাদ জ্ঞাপন করছি।

(মোঃ হামিদুল হক)
ইউএসও (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
পাবনা সদর, পাবনা

# সূচিপত্র


| ক্রম. | বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১.০ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) | ০১ |
| ১.১ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোরকার্যাবলি: | ০২ |
| ১.২ | উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনা সদর, পাবনা এর কার্যাবলী | ০২ |
| ১.৩ | উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনা সদর, পাবনা এর সাংগঠনিক কাঠামো | ০৩ |
| ১.৪ | উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনা সদর, পাবনা এর জনবল | ০৩ |
| ১.৫ | উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনা সদর, পাবনা কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা | ০৩ |
| ২.০ | নিয়মিত কার্যাবলী | ০৪ |
| ২.১ | কৃষি পরিসংখ্যান- | ০৪ |
| ২.২ | শুমারি ও জরিপ কার্যাবলীঃ | ০৮ |
| ২.৩ | জনশুমারি ও গৃহগণনা ২০২২ | ০৮ |
| ২.৪ | **SVRS in Digital Platform** | ০৮ |
| ২.৫ | প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩ | ০৮ |
| ২.৬ | জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ডাটা ক্লিনিং | ০৮ |
| ২.৭ | আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ | ০৮ |
| ২.৮ | খাদ্য নিরাপত্তা জরিপ | ০৮ |
| ৩.০ | অন্যান্য কার্যক্রম | ৯ |
| ৩.১ | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ উদযাপন | ০৯ |
| ৩.২ | মাধ্যমিক/সমমানেরশিক্ষা প্রতিষ্ঠনসমূহে ট্যাবলেট বিতরণ | ০৯ |
| ৩.৩ | তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ | ১০ |
| ৪.০ | অফিসিয়াল কর্যক্রমের কিছু স্থিরচিত্র | ১১-১২ |

# ১.০ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

১৯৭১ সালের স্বাধীনতা সংগ্রামের পর বাংলাদেশে সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতি পর্যবেক্ষণে পরিসংখ্যানের গুরুত্ব উপলব্ধি করে বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তাধারার ফলশ্রুতিতে ও তাঁর দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস (পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন পরিসংখ্যান ব্যুরো, কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি পরিসংখ্যান ব্যুরো ও কৃষি শুমারি কমিশন এবংস্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আদমশুমারি কমিশন)-কে একীভূত করে সৃষ্টি করা হয় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। পূর্বে পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের ক্ষেত্রে কোন সমন্বিত আইন, বিধি বা নীতিমালা না থাকায় কিছু আদেশ ও পরিপত্রের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কাজ পরিচালিত হয়ে আসছিল। ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি পরিসংখ্যান আইন মহান জাতীয় সংসদে পাশ হওয়ার মধ্য দিয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সত্যিকার অর্থে একটি আইনগত ভিত্তি পেয়েছে। উক্ত আইনের ৬ ধারা অনুযায়ী আইন পাশের পর একই বছর ৩ মার্চ তারিখে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নতুন করে প্রতিষ্ঠা লাভ করেছে। এটি দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে কাজ করছে।

প্রতিষ্ঠালগ্ন থেকে বিবিএস কর্তৃক পরিচালিত গুরুত্বপূর্ণ শুমারি ও জরিপসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|
| ১ | আদমশুমারি ও গৃহগণনা | ১৯৭৪ সাল থেকে ১০ বছর অন্তর মোট ৫ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ২ | অর্থনৈতিক শুমারি | ১৯৮৬ সাল থেকে মোট ৩ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ৩ | কৃষি শুমারি | ১৯৭৭ সাল থেকে মোট ৪ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ৪ | খানার আয় ব্যয় জরিপ | ১৯৭৩-৭৪ সাল থেকে মোট ১৫ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৫ | শ্রমশক্তি জরিপ | ১৯৮০ সাল থেকে এ পর্যন্ত ১২ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৬ | স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সার্ভে | ১৯৮০ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ৭ | উৎপাদন শিল্প জরিপ | ১৯৭২ সাল থেকে ২৮ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৮ | মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে | ১৯৯৩ সাল থেকে ১২ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৯ | চাইল্ড নিউট্রিশন সার্ভে | ১৯৮৫-৮৬ সাল থেকে ৭ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ১০ | কৃষি দাগগুচ্ছ জরিপ | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১১ | ওয়েজ রেট সার্ভে | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১২ | মূল্য ও মজুরি পরিসংখ্যান | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১৩ | হেল্‌থ অ্যান্ড ডেমোগ্রাফিক সার্ভে | ১৯৮০ সাল থেকে ৫ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ১৪ | কৃষি ফসলের আয়তন ও উৎপাদন জরিপ | ১৯৭২ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |

### বিবিএস-এর লক্ষ্য

জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় ও আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠা লাভ।

### বিবিএস-এর উদ্দেশ্য

- সঠিক ও মানসম্মত এবং সময়োপযোগী পরিসংখ্যান সরবরাহ;
- নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক ও সিদ্ধান্ত গ্রহণকারীদের চাহিদামাফিক উপাত্ত পরিবেশন;
- প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি;
- পেশাদারিত্ব প্রতিষ্ঠা।

## ১.১ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোরকার্যাবলি:

পরিসংখ্যান আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কার্যাবলিনিম্নরূপ:

(ক) সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়ন;

(খ) সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রেজরিপপরিচালনা;

(গ) জনশুমারি, কৃষিশুমারি, মৎস্য ও প্রাণিসম্পদ শুমারি, অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি ও জরিপের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ;

(ঘ) সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সাথে নির্ভরযোগ্য ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;

(ঙ) পরিসংখ্যান বিষয়ক নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন;

(চ) শাখা কার্যালয়ের কার্যাদি সরেজমিনে তদারক এবং প্রযোজ্য ক্ষেত্রে, উহার প্রতিবেদন পর্যালোচনা ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ;

(ছ) জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics)প্রবর্তনএবংসময়সময় হালনাগাদকরণ;

(জ) পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ;

(ঝ) পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;

(ঞ) পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ;

(ট) যেকোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;

(ঠ) ভোক্তার মূল্যসূচকসহ অন্যান্য মূল্যসূচক এবং জাতীয় হিসাব প্রস্তুতকরণ;

(ড) অর্থনৈতিক, পরিবেশগত, সামাজিক, জনমিতি সংক্রান্ত নির্দেশক প্রণয়ন ও প্রকাশকরণ;

(ঢ) ভূমি ব্যবহারসহ বিভিন্ন ফসলের উৎপাদন, উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন;

(ণ) জিও-কোড সিস্টেম প্রণয়ন এবং একমাত্র জিও-কোড সিস্টেম হিসেবে উহা হালনাগাদকরণ ও সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ;

(ত) জাতীয় জনসংখ্যা রেজিস্টার (National Population Register)প্রণয়ন ও সময় সময় হালনাগাদকরণ;

(থ) সমন্বিতসেন্ট্রালজিওগ্রাফিক্যালইনফরমেশনসিস্টেম (Geographic Information System)প্রণয়ন;

(দ) পরিসংখ্যানেরপ্রধানপ্রধানকার্যক্রমসমূহআন্তর্জাতিকমানেপ্রমিতকরণ(Standardization);

(ধ) সংরক্ষণের বিকল্প ব্যবস্থাসহ জাতীয় তথ্য ভান্ডার প্রণয়ন ও আধুনিক পদ্ধতিতে আর্কাইভে সংরক্ষণ;

(ন) জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার জন্য প্রণীত সরকারি পরিসংখ্যানের মান সত্যকরণ (Authentication);

(প) পরিসংখ্যান সংক্রান্ত পরামর্শ সেবা প্রদান;

(ফ) সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন; এবং

(ব) উপরিউক্ত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

## ১.২ উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনা সদর, পাবনা এর কার্যাবলীঃ

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনা সদর, পাবনা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর অর্থনৈতিক ,সামাজিক, জনসংখ্যাগত এবং পরিবেশগত বিভিন্ন সূচক প্রকাশের জন্য সংকলন, বিশ্লেষণ ও প্রকাশনার লক্ষ্যে মাঠ পর্যায়ে তথ্য-উপাত্ত সংগ্রহ করে এবং তা রিপোর্ট আকারে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সরবরাহ করে থাকে।

## ১.৩ উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনা সদর, পাবনা এর সাংগঠনিক কাঠামো




## ১.৪ উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনা সদর, পাবনা এর জনবল

| ক্র. নং | পদেরনাম | গ্রেডনং | জনবল | | |
|---|---|---|---|---|---|
| | | | অনুমোদিত | কর্মরত | মন্তব্য/শূন্য |
| ১. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | গ্রেড-৯ | ০১ | ০০ | ভারপ্রাপ্ত |
| ২. | পরিসংখ্যান তদন্তকারী | গ্রেড-১২ | ০১ | ০১ | -- |
| ৩. | জুনিয়ার পরিসংখ্যান সহকারী | গ্রেড-১৩ | ০২ | ০১ | --- |
| ৪. | চেইনম্যান | গ্রেড-২০ | ০১ | ০১ | -- |

## ১.৫ উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনা সদর, পাবনা কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা:

| ক্রম. | নাম | পদবী | মোবাইল নং | ই-মেইল |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ হামিদুল হক | ইউএসও (ভা:) | ০১৭১৭১৭১৭০৫ | usopabnasadar@gmail.com |
| ০২ | জনাব মোঃ আসাদুজ্জামান | জুনিয়র পরিসংখ্যান সহকারী | ০১৭৬৮৮৮৪৬১৮ | asadrbd@gmail.com |
| ০৩ | জনাব মো: চাঁদ মিয়া | চেইনম্যান | ০১৭৪০৯৩৫১৭১ | chandmia13579@gmail.com |

## ২.০ নিয়মিত কার্যাবলীঃ

### ২.১ কৃষি পরিসংখ্যান-

- ০৬ টি প্রধান ফসলের তথ্য সংগ্রহ
- ১৪০ টি অপ্রধান (১৩ টি গ্রুপ) ফসলের তথ্য সংগ্রহ
- দাগগুচ্ছ জরিপ
- মাসিক কৃষি মজুরির হার নির্ণয়
- ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান
- গবাদি পশু ও হাঁস মুরগি জরিপ
- মাছ উৎপাদন জরিপ
- বন জরিপ
- অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতি নিরুপন

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত "কৃষি বর্ষ গ্রন্থ ২০২২" এ উল্লিখিত পাবনা সদর উপজেলার উল্লেখ যোগ্য কৃষি পরিসংখ্যান তুলে ধরা হলো:**

ছক: ২.১.১ আউশ ফসলের প্রাক্কলিত আয়তন ও উৎপাদন হিসাব, ২০২১-২২ হতে ২০২২-২৩

| জাত | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|
| | আয়তন (একর) | মোট উৎপাদন (মে: টন) | আয়তন (একর) | মোট উৎপাদন (ম: টন) |
| স্থানীয় | ৯৪৫৯ | ৪৯৯৪ | ৮৬৬০ | ৪৭৩০ |
| উফশী | ১৬২৯৭ | ১৬৮৮৯ | ১৪৯০২ | ২১৭৯৭ |
| মোট = স্থানীয় + উফসী | **২৫৭৫৬** | **২১৮৮৩** | **২৩৫৬২** | **২৬৫২৭** |

২.১.২ পাট ফসলের প্রাক্কলিত আয়তন ও উৎপাদন হিসাব, ২০২১-২২ হতে ২০২২-২৩

| জাত | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|
| | আয়তন (একর) | মোট উৎপাদন (বেল) | আয়তন (একর) | মোট উৎপাদন (বেল) |
| তোষা | ৯৪৫৯ | ৪৯৯৪ | ৮৬৬০ | ৪৭৩০ |
| দেশী | ৩৫ | ১৩০ | ৩৩ | ১০৮ |
| মেসতা | ০ | ০ | ০ | ০ |
| মোট = তোষা + দেশী + উফসী | **৯৪৯৪** | **৫১২৪** | **৮৬৯৩** | **৪৮৩৮** |

ছক: ২.১.৩ বোরো ফসলের প্রাক্কলিত আয়তন ও উৎপাদন হিসাব, ২০২১-২২ হতে ২০২২-২৩

| জাত | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|
| | আয়তন (একর) | মোট উৎপাদন (মে: টন) | আয়তন (একর) | মোট উৎপাদন (মে. টন) |
| স্থানীয় | ১১৬ | ১৪৮ | ১১৯ | ১৫৩ |
| উফশী | ২১৭৯৩ | ৫৫৭৫১ | ২১৭৯৭ | ৫৫৮১১ |
| উচ্চফলনশীল | ৭০৪ | ২০১৮ | ৭১২ | ২০৪৭ |
| মোট = স্থানীয় + উফশী+উচ্চফলনশীল | **২২৬১৩** | **৫৭৯১৭** | **২২৬২৮** | **৫৮০১১** |

ছক: ২.১.৪ গম ফসলের প্রাক্কলিত আয়তন ও উৎপাদন হিসাব, ২০২১-২২ হতে ২০২২-২৩

| জাত | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|
| | আয়তন (একর) | মোট উৎপাদন (মে: টন) | আয়তন (একর) | মোট উৎপাদন (ম: টন) |
| উফশী | ১১৬২০ | ১৫১৬৬ | ১১৬২৮ | ১৫১৮৭ |
| স্থানীয় | ০ | ০ | ০ | ০ |
| মোট = স্থানীয় + উফসী | **১১৬২০** | **১৫১৬৬** | **১১৬২৮** | **১৫১৮৭** |

ছক: ২.১.৫ আমন ফসলের প্রাক্কলিত আয়তন ও উৎপাদন হিসাব, ২০২১-২২ হতে ২০২২-২৩

| জাত | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|
| | আয়তন (একর) | মোট উৎপাদন (মে: টন) | আয়তন (একর) | মোট উৎপাদন (মে. টন) |
| দেশি বোনা | ৫১৯ | ৩৫৩ | ৫২৮ | ৩৭৯ |
| দেশি রোপা | ০ | ০ | ০ | ০ |
| উচ্চফলনশীল | ৪৪১০২ | ৭২৭২৪ | ৪২৫৮৫ | ৭০৫৬১ |
| মোট = দেশি বোনা + দেশি রোপা+উচ্চফলনশীল | **৪৪৬২১** | ৭৩০৭৭ | **৪৩১১৩** | ৭০৯৪০ |

ছক: ২.১.৬ আলু ফসলের প্রাক্কলিত আয়তন ও উৎপাদন হিসাব, ২০২১-২২ হতে ২০২২-২৩

| | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|
| | আয়তন (একর) | মোট উৎপাদন (মে: টন) | আয়তন (একর) | মোট উৎপাদন (ম: টন) |
| | ১০৭ | ৮৬১ | ৮১ | ৫৯৩ |
| মোট | **১০৭** | **৮৬১** | **৮১** | **৫৯৩** |

২.১.৭ অর্থ বছর ২০২২-২০২৩ এর কিছু অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব

| ২০২২-২৩ | | |
|---|---|---|
| ফসলের নাম | আয়তন (একর) | মোট উৎপাদন (মে.টন) |
| বাঁধা কপি | ৩৬২ | ৪৬৬২ |
| ফুল কপি | ৩৭৬ | ২৫২৭ |
| রাই ও সরিষা | ৩২৫ | ১৮২ |
| বরবটি | ১২৩ | ১২৫৬ |
| পেঁয়াজ | ১৩৫৫২ | ৭৬৪৭৮ |
| রসুন | ১৯৪৫ | ৪৪৬৭ |
| টমাটো | ১৯৬ | ১৩৫২ |
| শীতকালীন বেগুন | ৩২৪ | ১৪২৩ |
| লাল শাক | ১৯৬ | ৪৮৬ |
| সীম | ২০৮ | ৫৯৯ |
| লাউ | ১৬৭ | ৩৮০ |
| গ্রীষ্মকালীন মরিচ | ৭৭৮ | ৬৯৯৭ |
| কাঁচা কলা | ১৪৮ | ১৫৯১ |
| পালংশাক | ২৯৮ | ৭৫৯ |
| শীতকালীন মিষ্টি কুমড়া | ১৯৬ | ১২৯২ |
| | | |

২.১.৮ অর্থ বছর ২০২২-২০২৩ এর কিছু স্থায়ী/বহুবর্ষজীবী ফসলের আনুমানিক হিসাব

| ২০২২-২৩ | | |
|---|---|---|
| ফসলের নাম | আয়তন (একর) | মোট উৎপাদন (মে.টন) |
| আম | ৭৯ | ১৫৬৪ |
| কাঁঠাল | ৯ | ৪৩৭ |
| জামরুল | ৭ | ৫৪ |
| লিচু | ৮২ | ১৬৮০ |
| নারিকেল | ৫০ | ১৪১৪ |
| তালের শাস | ৪ | ৭৪ |
| পাকা কলা | ২৩৩ | ২০৮৮ |
| চা | ০ | ০ |
| পানি ফল | ০ | ০ |
| পেয়ারা | ২৪৮ | ৩০১১ |
| কাগজী লেবু | ৬.৪ | ৭৮ |
| বাতাবি লেবু | ৩.৩১ | ৭২ |
| কাঁচা কলা | ১৪৮ | ১৫৯১ |

## ২.২ শুমারি ও জরিপ কার্যাবলীঃ

সঠিক, নির্ভূল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্যবাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)দেশের আর্থসামাজিক বিভিন্ন ক্ষেত্রে শুমারি ও জরিপ পরিচালনা করে থাকে। জেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনাঅধীনস্ত উপজেলা পরিসংখ্যান অফিসগুলোর সমন্বয়ে শুমারি ও জরিপ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য সংগ্রহ ও সরবরাহ করে থাকে। ২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়িত শুমারি ও জরিপসমূহ-

## ২.৩ জনশুমারি ও গৃহগণনা ২০২২

জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এর অধীন ট্যাবলেট ব্যবহার পূর্বক Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে দেশের প্রথম ডিজিটাল শুমারি ‘জনশুমারি ও গৃহগণনা ২০২২’ গত ১৫-২১ জুন, ২০২২ খ্রি. সারা দেশের ন্যায় পাবনা সদর উপজেলায় সফলভাবে সম্পন্ন হয়েছে । জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রিলিমিনারি রিপোর্ট গত ২৭ জুলাই, ২০২২ খ্রি. প্রকাশিত হয়েছে।

## ২.৪ SVRS in Digital Platform

স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্পের আওতায় পাবনা সদর উপজেলায় ০৭ টি পিএসইউ এর স্থানীয় রেজিষ্টার ও সুপারভাইজারগণের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক/পৃথক বসবাস, বহির্গমন, আগমন, প্রতিবন্ধী, এইচআইভি ও জন্মনিয়ন্ত্রণ সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়। এই প্রকল্পের মাধ্যমে Intercensal Period-এ দেশের জনসংখ্যা নিরূপণ, জনসংখ্যা হ্রাস-বৃদ্ধির হার নির্ধারণ ও বিভিন্ন জনতাত্ত্বিক সূচক নির্ধারণ করা হয়।

## ২.৫ প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর সেন্সাস উইংয়ের আওতাধীন ‘টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্প’ শীর্ষক প্রকল্পের ‘প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩’ কার্যক্রম এর পাবনা সদর উপজেলায় Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহ কাজ ০১-২০ মার্চ ২০২৩ খ্রি .সম্পন্ন হয়।

## ২.৬ জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ডাটা ক্লিনিং

‘জনশুমারি ও গৃহগণনা ২০২২’ এর বিভিন্ন অস্পষ্টতা দূরীকরণের লক্ষ্যে প্রকল্প দপ্তরের নির্দেশনা মোতাবেক মাঠ পর্যায়ে তথ্য যাচাই করা হয়।

## ২.৭ আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো(বিবিএস) এর জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এর আওতায় বাস্তবায়নাধীন ‘জনশুমারি ও গৃহগণনা ২০২২’ এর ‘আর্থসামাজিক ও জনতাত্ত্বিক জরিপ ২০২৩’ এর পাবনা সদর উপজেলায় তথ্য সংগ্রহ কার্যক্রম Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে ২১ মে-১৫ জুন, ২০২৩ খ্রি. সম্পন্ন হয়।

## ২.৮ খাদ্য নিরাপত্তা জরিপ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ‘খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২’ কর্তৃক বাস্তবায়নাধীন ‘Food Security Assessment & Food Insecurity Experience Scale (FIES)’ বিষয়ক জরিপ এর পাবনা সদর উপজেলায় লিস্টিং কার্যক্রম ১১-১৬ মে, ২০২৩ খ্রি. এবং মূলতথ্য সংগ্রহ কার্যক্রম ১৫-২৫ জুন, ২০২৩ খ্রি. সম্পন্ন হয়।

## ৩.০ অন্যান্য কার্যক্রমঃ

### ৩.১ জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ উদযাপন:

পরিসংখ্যান ব্যবস্থাকে প্রাতিষ্ঠানিকরূপ দানের লক্ষ্যে ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি মহান জাতীয় সংসদে 'পরিসংখ্যান আইন, ২০১৩' পাস হয়। পরিসংখ্যান আইন পাসের ফলে জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) একটি সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় ২৭ ফেব্রুয়ারি "জাতীয় পরিসংখ্যান দিবস" যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। এদিন আলোচনা সভাসহ র‍্যালির আয়োজন করা হয়।

### ৩.২ মাধ্যমিক/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ট্যাবলেট বিতরণ:

জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প কর্তৃক ক্রয়কৃত ট্যাবলেটসমূহ হতে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে পাবনা সদর উপজেলার ৯০১ জন মেধাবী শিক্ষার্থীদের মাঝে ট্যাবলেট বিতরণ করা হয়।

| উপজেলার নাম | সরকারি মাধ্যমিক বিদ্যালয় | এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয় | এমপিওভুক্ত মাদ্রাসা | সরকারি ভোকেশনাল স্কুল | এমপিওভুক্ত ভোকেশনাল স্কুল | ননএমপিও মাধ্যমিক বিদ্যালয় | ননএমপিও মাদ্রাসা | ননএমপিও ভোকেশনাল স্কুল | মোট শিক্ষা প্রতিষ্ঠান | বিতরণকৃত ট্যাবলেট সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পাবনা সদর | ৩ | ৫৪ | ৩৩ | ১ | ৬ | ২ | ০ | ০ | ৯৯ | **৯০১** |

## ৩.৩ তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষঃ

| |
|---|
| তথ্য প্রদানকারী কর্মকর্তা |
| জনাব মোঃ হামিদুল হক<br>উপজেলা পরিসংখ্যান কার্যালয় (ভা.)<br>পাবনা সদর, পাবনা<br>০১৭১৭১৭১৭০৫<br>usopabnasadar@gmail.com |
| |
| বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা |
| জনাব মোঃ আসাদুজ্জামান<br>জুনিয়র পরিসংখ্যান সহকারী<br>উপজেলা পরিসংখ্যান কার্যালয়<br>পাবনা সদর, পাবনা<br>০১৭৬৮৮৮৪৬১৮<br>asadrbd@gmail.com |
| |
| আপীল কর্তৃপক্ষ |
| জনাব মো: মাসুম মিয়া<br>উপপরিচালক<br>জেলা পরিসংখ্যান কার্যালয়<br>পাবনা<br>০১৭১৯৪১৪৬২৩<br>dsopabna@gmail.com |
| |

# ৪.০ অফিসিয়াল কর্যক্রমের কিছু স্থিরচিত্র:

বঙ্গবন্ধুর ৪৮ তম শাহাদাত বার্ষিকিতে তাঁর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন



জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর র‍্যালি




মাননীয় কৃষি মন্ত্রী ও ডেপুটি স্পিকারের উপস্থিতিতে আউশ ফশল কর্তন



মাননীয় কৃষি মন্ত্রী ও ডেপুটি স্পিকারের উপস্থিতিতে আউশ ফশল কর্তন



আলু কর্তন



যুগ্মপরিচালক মহোদয়ের SVRS এর কার্যক্রম পরিদর্শন



| মেধাবী শিক্ষার্থীদের মঝে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার ট্যাব বিতরণ | মেধাবী শিক্ষার্থীদের মঝে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার ট্যাব বিতরণ |
|---|---|
|  |  |

# সমাপ্ত